যে ব্যক্তি আমার আনুগত্য করল, সে তো আল্লাহর আনুগত্য করল এবং যে আমার অবাধ্যতা করল, সে তো আল্লাহর অবাধ্যতা করল। আর যে ব্যক্তি নেতার আনুগত্য করবে, সে তো আমার আনুগত্য করল এবং যে নেতার অবাধ্যতা করবে, সে তো আমার অবাধ্যতা করল।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু কর্তৃক মারফূ‘ হিসেবে বর্ণিত, “যে ব্যক্তি আমার আনুগত্য করল, সে তো আল্লাহর আনুগত্য করল এবং যে আমার অবাধ্যতা করল, সে তো আল্লাহর অবাধ্যতা করল। আর যে ব্যক্তি নেতার আনুগত্য করবে, সে তো আমার আনুগত্য করল এবং যে
নেতার অবাধ্যতা করবে, সে তো আমার অবাধ্যতা করল।” [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্পষ্ট করেছেন যে, তার আনুগত্য করা আল্লাহর আনুগত্যের অংশ। কারণ, আল্লাহ তা‘আলা তার জন্য ও তার উম্মতের জন্য যে শরী‘আত প্রবর্তন করেছেন তিনি তো শুধু সে নির্দেশই প্রদান করেন। সুতরং তিনি যখন কোনো কিছুর নির্দেশ দেন, তখন সেটা আল্লাহর শরী‘আত হয়ে যায়। অতএব যে তার আনুগত্য করল সে তো আল্লাহরই আনুগত্য করল। আর যে তাকে অমান্য করল, সে তো আল্লাহকেই অমান্য করল। আবার যে ব্যক্তি শাসকের অানুগত্য করল, সে তো রাসূলেরই আনুগত্য করল, আর যে শাসকের অবাধ্যতা করল, সে তো রাসূলেরই অবাধ্যতা করল। কারণ, একাধিক হাদীসে শাসকের কথা মানার জন্য রাসূলই নির্দেশ দিয়েছেন। তবে যদি পাপের নির্দেশ প্রদান করে সেটা ভিন্ন কথা।

http://sunnah.global/hadeeth/bn/show/6383